



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি বাতিলজনিত শূণ্য আসনের বিপরীতে ৬ষ্ঠ মেধা তালিকা থেকে ভর্তি সংক্রান্ত সময়সূচি ও নির্দেশিকা

ক্রঃ	বিবরণ	সময়সূচি
১.	ইউনিট অফিস কর্তৃক ভর্তিকৃত শিক্ষার্থীদের ৫ম ধাপে মাইগ্রেশনের তালিকা প্রকাশ।	০২-০১-২০২৩ তারিখ
২.	ইউনিট অফিস কর্তৃক শূণ্য আসন সংখ্যা ভর্তির ওয়েবসাইট (academic.juniv.edu)-এ প্রকাশ।	০২-০১-২০২৩ তারিখ
৩.	৫ম মেধা তালিকা থেকে ভর্তির পর বাতিলজনিত শূণ্য আসনের বিপরীতে ভর্তির জন্য সংশ্লিষ্ট ইউনিট অফিসে সশরীরে উপস্থিত ভর্তিছুক শিক্ষার্থীদের নিকট হতে পুনরায় আবেদনপত্র গ্রহণ। উল্লেখ্য যে, গত ২৫-৯-২০২২ তারিখ ইউনিট অফিসে সশরীরে উপস্থিত হয়ে যে সকল শিক্ষার্থী আবেদন করেছিল শুধুমাত্র তারাই এ পর্যায়ে আবেদন করতে পারবে।	০৪-০১-২০২৩ তারিখ সকাল ৯:৩০ টা হতে বেলা ১১:০০ টা পর্যন্ত
৪.	প্রাপ্ত আবেদনপত্রের মধ্য হতে মেধাক্রম ও পছন্দক্রম অনুযায়ী ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ।	০৪-০১-২০২৩ তারিখ; দুপুর ১২:০০ টা
৫.	নির্বাচিত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ এবং অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ভর্তি নিশ্চিতকরণের জন্য নিম্নোক্ত কাগজপত্র শিক্ষা শাখায় জমা। ভর্তিকৃত শিক্ষার্থীকে ডাউনলোডকৃত ফরমের সাথে এস.এস.সি. ও এইচ.এস.সি./সম্মান-এর মূল সনদপত্র (যদি থাকে) এবং নম্বরপত্র ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টার হতে সংগৃহীত মেডিক্যাল সনদপত্র বিভাগ কর্তৃক সত্যায়নপূর্বক প্রত্যেকটির ১ (এক) সেট সত্যায়িত ফটোকপি সংযুক্ত করে সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতি এবং ডিন-এর মাধ্যমে রেজিস্ট্রার অফিসের শিক্ষা শাখায় জমা দিতে হবে।	০৪-০১-২০২৩ তারিখ বেলা ১:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত
৬.	ক্লাস শুরু	১৫-০১-২০২৩ তারিখ

বিঃদ্র: উপরে উল্লিখিত তারিখ ও সময়সূচির প্রয়োজনীয় পরিবর্তন/পরিবর্তনের সকল ক্ষমতা বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করে।

আবেদন করার নিয়মাবলি (মেধা তালিকা থেকে ভর্তির ক্ষেত্রে):

ক) নির্ধারিত সময়সীমার মধ্যে ভর্তির জন্য যোগ্য শিক্ষার্থীকে ভর্তির যাবতীয় ফি নগদ অথবা ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট এর ব্যক্তিগত একাউন্ট থেকে জমা দিতে হবে। উপরোক্ত সকল ফি এর সাথে ২০/- (বিশ) টাকা মোবাইল ব্যাংকিং সার্ভিস চার্জ প্রযোজ্য হবে।

খ) **academic.juniv.edu** ওয়েবসাইট থেকে "১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে অনলাইন ভর্তি আবেদন" লিংকে ক্লিক করে ভর্তি পরীক্ষার রোল নম্বর ও এইচ.এস.সি'র রেজিস্ট্রেশন (IGCSE/A Level এর ক্ষেত্রে এইচ.এস.সি'র রেজিস্ট্রেশন নম্বরের পরিবর্তে ভর্তি পরীক্ষার আবেদন করার সময় প্রদেয় মোবাইল) নম্বর দিয়ে লগইন করুন। এরপর "আবেদন ফরম" মেনুতে ক্লিক করে যে কোনো একটি পেমেন্ট মাধ্যম নগদ অথবা ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট নির্বাচন করে নির্ধারিত ফি প্রদান করার পর আবেদন ফরমটি আসবে। ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট এর ক্ষেত্রে ব্যক্তিগত রকেট একাউন্ট থেকে **Biller ID 343** তে নির্ধারিত ফি প্রদান করার পর প্রাপ্ত ট্রানজেকশন আইডি প্রদান করতে হবে।

গ) অনলাইন আবেদন ফরমের আনুষঙ্গিক তথ্যসমূহ সঠিকভাবে পূরণ করতে হবে এবং এস.এস.সি. ও এইচ.এস.সি./সম্মান-এর মূল সনদপত্র (যদি থাকে) এবং নম্বরপত্র (সকল সনদপত্র PDF/JPG ফরম্যাটে এবং ফাইল সাইজ ৮০০ KB এর বেশী নয়) স্ক্যান করে আপলোড করে **Submit** করতে হবে।

ঘ) আবেদনটি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যাচাই-বাছাই করবে এবং সকল তথ্য সঠিক থাকলে পরবর্তীতে আবেদনকারীর মোবাইলে এসএমএস-এর মাধ্যমে জানানো হবে।

পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড :

ঙ) এসএমএস পাওয়ার পর **academic.juniv.edu** ওয়েবসাইট থেকে পুনরায় লগইন করে "আবেদন ফরম ডাউনলোড" মেনুতে ক্লিক করে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড/প্রিন্ট করে নির্ধারিত সময়সীমার মধ্যে নির্দেশনা অনুযায়ী অন্যান্য কাগজপত্রসহ শিক্ষা শাখায় জমা দিতে হবে।

বিঃদ্র: নেটওয়ার্ক সমস্যা/অন্য কোন কারণে এসএমএস না পেলেও সকল তথ্য সঠিক থাকলে যথাসময়ের মধ্যে লগইন করে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড করতে হবে।

DBBL মোবাইল ব্যাংকিং রকেট-এর মাধ্যমে টাকা জমাদানের প্রক্রিয়া নিম্নরূপ:

i) ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্টের মূল মেনুতে প্রবেশের জন্য *৩২২# ডায়াল করতে হবে।

ii) Bill Pay নির্বাচন করতে হবে।

iii) অতঃপর নিজের পেমেন্ট হলে 1. Self অথবা অন্য কারো জন্য পেমেন্ট করলে 2. Other নির্বাচন করতে হবে। 2. Other নির্বাচন করলে যার জন্য পেমেন্ট করা হচ্ছে তার মোবাইল নম্বর দিতে হবে।

iv) অতঃপর **0. Other** নির্বাচন করতে হবে। এরপর Biller ID হিসেবে **343** টাইপ করতে হবে।

v) Bill Number হিসেবে আবেদনকারীর ভর্তি পরীক্ষার রোল নম্বর টাইপ করতে হবে।

vi) Amount হিসেবে নির্ধারিত আবেদন ফি টাইপ করতে হবে।

vii) এবার DBBL মোবাইল ব্যাংকিং রকেট PIN টাইপ করতে হবে।

viii) পেমেন্ট প্রক্রিয়া শেষ হলে আবেদনকারীর বা এজেন্টের মোবাইলে ফিরতি SMS এর মাধ্যমে একটি Transaction ID (Txnid) আসবে। ঐ Transaction ID টি সযত্নে সংরক্ষণ করতে হবে।

বিশেষ জ্ঞাতব্য: ভর্তি সম্পর্কিত যে কোন প্রয়োজনে ০১৬১৪৬৯৬৫৫৭ ও ০১৬১৪৬৯৬৫৫৮ মোবাইল নম্বরে (সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত)

যোগাযোগ করা যাবে।

স্বাক্ষরিত/- (মো. আবু হাসান)
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)
এবং সচিব, কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি